

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

পরিকল্পনা ১ শাখা

**বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ট প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

৩০/০১/২০১৮ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ট প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নভেম্বর ২০১৭ মাসের প্রকল্প পর্যালোচনা সভা ২৭/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ০৯/০১/২০১৮ তারিখে জারি করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি না থাকায় তা সভায় দৃঢ়িকরণ করা হয়। সভাকে আরো অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ট ০৫টি অনুমোদিত, ০৩টি নতুন অনুমোদিত এবং ১৩টি অনুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩৩৩২৭.০০ লক্ষ টাকা এবং থোক বরাদ্দ রয়েছে ১০৯৬৩.০০ লক্ষ টাকা। ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত অবযুক্ত হয়েছে ১৬৮৪২.৫০ লক্ষ টাকা (৪৯.৭৬%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১৬৪৬১.৪৫ লক্ষ টাকা (৪৮.৬৪%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	<p><u>মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প</u></p> <p>“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অতিরিক্ত বরাদ্দের জন্য মাননীয় ধর্ম মন্ত্রী কর্তৃক পরিকল্পনা মন্ত্রী বরাবর আধা-সরকারি পত্র প্রদান, ‘দারুল আরকাম’ ইবতেদায়ি মাদ্রাসা প্রতিষ্ঠাতা করার জন্য স্থান নিবার্চন চূড়ান্ত করা এবং শিক্ষক নিয়োগ দুটি সমাপ্ত করা প্রয়োজন মর্মে সভায় আলোচিত হয়। সভাকে আরো অবহিত করা হয় যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ছাত্র-ছাত্রী ও কেন্দ্রের ডাটা-বেইজ প্রস্তুত করার কার্যক্রম চলমান রয়েছে।</p>	<p>ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অতিরিক্ত বরাদ্দের জন্য মাননীয় ধর্ম মন্ত্রী কর্তৃক পরিকল্পনা মন্ত্রী বরাবর আধা-সরকারি পত্র প্রদান করতে হবে।</p> <p>খ) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ‘দারুল আরকাম’ ইবতেদায়ি মাদ্রাসা প্রতিষ্ঠাতা করার জন্য স্থান নিবার্চন চূড়ান্ত করতে হবে এবং শিক্ষক নিয়োগ দুটি সমাপ্ত করতে হবে।</p> <p>গ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা-বেইজ প্রস্তুতের কাজ চলমান রাখতে হবে।</p>	<p>ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p> <p>গ) প্রকল্প পরিচালক</p>
৩.২	<p><u>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটি অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।</p>	<p>প্রকল্প পরিচালক নিয়োগপূর্বক প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.৩	<p><u>ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পের জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সভাকে আরো অবহিত করার হয় যে, প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী পুস্তক মুদ্রণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি যে সকল পুস্তকের চাহিদা রয়েছে, তা পুর্ণমুদ্রণ করে বাজারে সরবরাহের ব্যবস্থা করতে হবে।</p>	<p>ক) প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী পুস্তক মুদ্রণ কার্যক্রম চলমান রাখতে হবে।</p> <p>খ) যে সকল পুস্তকের চাহিদা রয়েছে, তা পুর্ণমুদ্রণ করে বাজারে সরবরাহের ব্যবস্থা করতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p>

চলমান পৃঃ/২)

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.৪	<p><u>ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় প্রকল্পের অগ্রগতি কর হওয়ায় অসঙ্গেষ প্রকাশ করা হয়। এছাড়া, প্রকল্পের আওতায় পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির দরপত্রের বিজ্ঞপ্তি আগামী ০৭ দিনের মধ্যে পত্রিকায় প্রকাশের নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>প্রকল্পের পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির দরপত্রের বিজ্ঞপ্তি আগামী ০৭ দিনের মধ্যে পত্রিকায় প্রকাশের পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	প্রকল্প পরিচালক
৩.৫	<p><u>প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর ০২/০১/২০১৮ তারিখে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিতে একটি সভা প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার নির্দেশনা অনুযায়ী প্রকল্পটির সংশোধিত প্রস্তাব প্রণয়ন করা হচ্ছে। জায়গা নির্বাচন কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ, মডেল মসজিদের স্থান পরিদর্শন পূর্বক চূড়ান্তকরণ এবং নির্মাণ কাজ দুট শুরু করতে হবে।</p>	<p>প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ, মডেল মসজিদের স্থান পরিদর্শন পূর্বক চূড়ান্তকরণ এবং নির্মাণ কাজ দুট শুরু করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p>
৩.৬	<p><u>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটি অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি এবং প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।</p>	<p>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম প্রযায় প্রকল্পটির প্রশাসনিক আদেশ জারি এবং প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>
৩.৭	<p><u>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প</u></p> <p>সভায় প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার ওপর গুরুত্বারোপ করা হয়।</p>	<p>প্রকল্পের সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	প্রকল্প পরিচালক
৩.৮	<p><u>প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প</u></p> <p>সভায় “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (PCR) মন্ত্রণালয়ে প্রেরণ এবং দ্বিতীয় পর্যায় প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে দুট প্রেরণের ওপর গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ক) “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (PCR) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি পরিকল্পনা কমিশনে দুট প্রেরণ করতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক ও সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>
৩.৯	<p><u>গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স নির্মাণ :</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটি অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।</p>	<p>প্রকল্প পরিচালক নিয়োগপূর্বক প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১০	<u>সিরতা ,ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেষ্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প</u> সভায় জানানো হয় যে, ২৬/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।	প্রকল্প পরিচালক নিয়োগপূর্বক প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১১	<u>ইমাম প্রশিক্ষণ একাডেমী কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (কুমিল্লা মডেল ও ময়মনসিংহ)</u> সভায় জানানো হয় যে, প্রকল্পটির ব্যয় প্রাক্কলন গণপূর্ত অধিদপ্তরের নিকট হতে পাওয়া গেছে। ডিপিপি প্রণয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে দুট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	ইমাম প্রশিক্ষণ একাডেমী কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (কুমিল্লা মডেল ও ময়মনসিংহ) প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে দুট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১২	<u>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প</u> সভায় জানানো হয় যে, জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টারপ্ল্যান প্রণয়নের জন্য চাহিদাপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সিনিয়র সহকারী প্রধান জানান যে, চাহিদাপত্র অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে।	জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১৩	<u>বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত্তি বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প</u> সভায় জানানো হয় যে, প্রকল্পটির দরপত্র আহবানের জন্য প্রক্রিয়া অব্যাহত আছে। শীঘ্রই দরপত্র আহবান করা হবে। প্রকল্প বাস্তবায়ন এবং স্টিয়ারিং কমিটির সভা আহবানের জন্য অনুরোধ জানানো হয়।	ক) আলোচ্য প্রকল্পের নির্মাণ কাজ শুরু করতে হবে। খ) প্রকল্প বাস্তবায়ন এবং স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে।	ক) ওয়াকফ প্রশাসক খ) ওয়াকফ প্রশাসক
৩.১৪	<u>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প</u> সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের নকশা চূড়ান্তকরণের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের নকশা চূড়ান্ত করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১৫	<u>বিবিধ :</u> সভায় নতুন অনুমোদিত প্রকল্পের পদ সূজন ও সংরক্ষণ এবং বিধি মোতাবেক চলমান প্রকল্পের পদ সংরক্ষণের প্রস্তাব দুট মন্ত্রণালয়ের প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	নতুন অনুমোদিত প্রকল্পের পদ সূজন ও সংরক্ষণ এবং বিধি মোতাবেক চলমান প্রকল্পের পদ সংরক্ষণের প্রস্তাব দুট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সংস্থা প্রধান ও সকল প্রকল্প পরিচালক।

৮। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯.

স্থা:/-২৫/০২/২০১৮ খ্রি।

অধ্যক্ষ মতিউর রহমান

মন্ত্রী

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(চলমান পৃঃ/৮)

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.১০৮.১৭.৬৫

তারিখ: ২৬.০২.২০১৮ খ্রি.

অনুলিপিৎ জাতীয়ে ও কার্যালয়ে (জ্যোতির ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দ্রঃ আঃ যুগ্মসচিব, বাজেট-০৭]।
- ০৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
[দ্রঃ আঃ জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
- ০৪। প্রধান স্থগতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
[দ্রঃ আঃ জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থগতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১, বিভাগ-৩]।
- ০৫। অভিযন্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগরগাঁও, ঢাকা।
- ০৭। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।
- ০৮। যুগ্ম-সচিব(হজ্জ/সংস্থা/প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। মহাপরিচালক, সেক্টর-০৭, আইএমইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। উপসচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৬। প্রকল্প পরিচালক, “প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৭। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪৮ পর্যায়” শীর্ষক প্রকল্প, ঢাকা।
- ১৮। প্রকল্প পরিচালক “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রার্থমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প,
জোবেদা ভিলা (২য় তলা), ৬৭/৪, এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
- ১৯। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ”
শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
- ২০। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২১। প্রকল্প পরিচালক, ইসলামী পৃষ্ঠক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২২। প্রকল্প পরিচালক, “ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পৃষ্ঠক সংযোজন ও
পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২৩। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ২৪। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগরগাঁও, ঢাকা।
- ২৫। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ২৮। সিটেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল]।
- ২৯। অফিস কপি/মাস্টার কপি।

সভার সিদ্ধান্তের
বাস্তবায়ন অগ্রগতি
২৬/০২/১৮ তারিখ
বেলা ২.০০ টার
মধ্যে ই-মেইল এবং
হার্ডকপি বিনা
ব্যর্থতায় মন্ত্রণালয়ে
প্রেরণের জন্য
অনুরোধ করা হ'ল।

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭৭২৩৭

e-mail: planning_sec1@mora.gov.bd